দৈনিক সংবাদ

তারিখ 14 JAN 1989
পৃষ্ঠা 5 কলাম 3

80

10

অভিভাবকদের দুশ্চিন্তা

# রাজশাহীতে ছাত্র ভর্তি সমস্যা প্রকট আকার ধারণ করেছে

রাজশাহী, ১৩ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।—সরকারী বিদ্যালয়গুলোতে আসন সংখ্যা কম থাকায় চলতি শিক্ষাবর্ষের শুরুতে রাজশাহী পৌর এলাকায় ছাত্র ভর্তি সমস্যা প্রকট আকার ধারণ করেছে। স্কুলগুলোতে বার বার ধরণা দিয়েও ছেলে-মেয়েদের ভর্তি করতে না পেরে অভিভাবকরা দুশ্চিন্তার মধ্যে পড়েছেন।

রাজশাহী পৌর এলাকায় বালকদের জন্যে সরকারী উচ্চ বিদ্যালয় রয়েছে মাত্র ৩টি। সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের সংখ্যা মাত্র ২টি। এছাড়া রয়েছে একটি উচ্চ মাদ্রাসা। নগরীর প্রয়োজন অনুপাতে উক্ত বিদ্যালয়ের এই সংখ্যা একেবারেই নগণ্য। এর ওপর এই প্রতিষ্ঠানগুলোতে ছাত্র আসন সংখ্যাও সীমিত। কয়েকটি উচ্চ বিদ্যালয়ে আবার, সরকারী প্রাথমিক শাখা নেই। রাজশাহী সরকারী ল্যাবরেটরী উচ্চ বিদ্যালয় এবং সিরোইল সরকারী উচ্চ বিদ্যালয়ে বেসরকারী উদ্যোগে কয়েক বছর আগে প্রাথমিক শাখা খোলা হয়েছে। কিন্তু ওপর মহলে অনেক চেষ্টা তদ্বির করেও আজ পর্যন্ত ঐ শাখা দু'টির সরকারীকরণ সম্ভব হয়নি।

এবছর হঠাৎ করে ভর্তি পরীক্ষার আবেদনপত্রের দামও দ্বিগুন করা হয়েছে। এবার প্রতিটি ফরম বিক্রি করা হচ্ছে ২০ টাকা করে। কোথাও আবেদন পত্রের দাম নেয়া হচ্ছে আরো বেশী।

বিভিন্ন বিদ্যালয়ে এবছর ভর্তির জন্যে আসন ফাকা রয়েছে সাড়ে ৪শ,র কিছু ওপরে। এই আসনগুলোতে ভর্তির জন্যে আবেদন পড়েছে ৬ হাজারেরও বেশী। কোন কোন বিদ্যালয়ে এখনো আবেদনপত্র জমা নেয়া অব্যাহত রয়েছে।

সরকারী বিদ্যালয়ে আসন সংখ্যা সীমিত হওয়ায় নগরীতে, বিশেষ করে প্রাথমিক স্তরের ছাত্র-ছাত্রীদের জন্যে নানা নামে বেসরকারী বিদ্যালয় গজিয়ে উঠেছে। এই বিদ্যালয়গুলোতে লেখাপড়ার ব্যয় সাধারণ মানুষের নাগালের বাইরে।